



**গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি ও বিশেষ সম্মাননা প্রদান বিজ্ঞপ্তি :**

বাগেরহাট জেলা পরিষদ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত ছাত্রছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এছাড়া যে সকল ছাত্র-ছাত্রী বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা যারা বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়-এ ২০২৪ সালে ভর্তির সুযোগ পেয়েছেন তাদেরকে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

**শর্তাবলীঃ-**

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২৩ সালে অনুষ্ঠিত এস. এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ থাকতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।
- ২। বিশেষ সম্মাননার জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীকে যে কোন সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তির সুযোগ পেয়েছেন এমন প্রমাণ থাকতে হবে (আবেদন ফরম -খ এর জন্য প্রযোজ্য)।
- ৩। মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সহিত সম্পর্কের বিষয়ে ইউঃ পিঃ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারীকে অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত/অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত কপি এবং সম্প্রতি অধ্যয়নরত /সমাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষা প্রাতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- ৬। আবেদনকারীকে ২০২৩ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাস এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে যে কোন সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ভর্তির প্রমাণক সংযুক্ত করতে হবে (আবেদন ফরম -খ এর জন্য প্রযোজ্য)।
- ৭। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনকারী অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং আর্থিক অসচ্ছলতা সম্পর্কে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।
- ৯। আবেদনকারীকে স্বস্তে ফরম পূরণ পূর্বক পূর্ণ নাম সহ স্বাক্ষর করতে হবে এবং অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। বৃত্তির জন্য নির্ধারিত পৃথক আবেদন ফরম জেলা পরিষদ অফিস/জেলা পরিষদ এর ওয়েবসাইট www.zpbagerhat.gov.bd-তে এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।
- ১১। নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময় পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।
- ১২। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি বাগেরহাট জেলা পরিষদ কার্যালয় এবং প্রশাসনিক কর্মকর্তা (মোবাইল নং ০১৭১৮-২৪৯২৫৩) এবং সংশ্লিষ্ট সহকারী জনাব পলাশ কুমার পাল (মোবাইল নং-০১৭২৪-৪৬৭৬৫০/০১৭০১-৭৮১৪৫২) এর নিকট হতে জানা যাবে।

*(Signature)*  
৩০/৩/২৪

বুমুর বালা  
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, বাগেরহাট  
ফোন নং-০২৪৭৭-৭৫২৪৮১  
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩৫.০৫.২৪-৪৯ (১৮)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
- ৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ..... (সকল)
- ৬। পুলিশ সুপার, বাগেরহাট।

*(Signature)*  
৩০/৩/২৪ তারিখ: ১৩ মার্চ ২০২৪ খ্রি.